যুগান্তর

# শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি প্রশ্নে হাইকোর্টের রুল জারি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তারা দীর্ঘদিন ধরে একাধিক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির সভাপতির দায়িত্ব পালন করে আসছেন। তাঁদের একজন ৩টির অধিক প্রতিষ্ঠানে যাতে সভাপতির দায়িত্ব পালন না করতে পারেন, এই মর্মে কারণ দর্শানোর জন্য হাইকোর্ট শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদফতরের ওপর রুলনিশি জারি করেন।

বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন ও বিচারপতি কামরুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ রোববার ওই রুলনিশি জারি করেন। এর আগে একজন জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী কর্মকর্তাকে একাধারে কয়েকশ' প্রতিষ্ঠানের সভাপতির দায়িত্বও পালন করতে হয়েছে বলে শোনা গেছে।